গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
**পুলিশ সুপার এর কার্যালয়,**
ট্যুরিস্ট পুলিশ, খুলনা রিজিয়ন
বাড়ী নং-৬৩৫, রোড নং-০৭, মুজগুন্নী আ/এ, বয়রা, খালিশপুর, খুলনা।

স্মারক নং-৪৪.০১.২৬৬৭.৯৭৬.৬৬.০৪১.২৪- তারিখঃ /১০/২০২৪ খ্রিঃ।

**মাসিক কল্যাণ সভার কার্যবিবরণী।**

**বিষয়ঃ ট্যুরিস্ট পুলিশ, খুলনা রিজিয়নে কর্মরত অফিসার ও ফোর্সের সাথে মাসিক কল্যাণ সভা।**

তারিখ ও সময়ঃ ০৬-১০-২০২৪ খ্রিঃ সকাল ০৯.৩০ ঘটিকা।

স্থানঃ ট্যুরিস্ট পুলিশ, খুলনা রিজিয়ন কার্যালয়ের কনফারেন্স কক্ষ, খুলনা ।

সভাপতিঃ জনাব মোঃ আসাদুজ্জামান
পুলিশ সুপার, ট্যুরিস্ট পুলিশ, খুলনা রিজিয়ন, খুলনা।

উপস্থিতিঃ
১। জনাব উৎপল কুমার চৌধুরী, পিপিএম-সেবা, অতিঃ পুলিশ সুপার, ট্যুরিস্ট পুলিশ, খুলনা রিজিয়ন।
২। জনাব দেব্রত সরকার, সহকারী পুলিশ সুপার, ট্যুরিস্ট পুলিশ, খুলনা রিজিয়ন।
৩। জনাব তারক বিশ্বাস, পুলিশ পরিদর্শক(প্রশাসন), ট্যুরিস্ট পুলিশ, খুলনা রিজিয়ন।
৪। জনাব এস, এম মিজানুর রহমান, পুলিশ পরিদর্শক(নিঃ), ইনচার্জ, ট্যুরিস্ট পুলিশ, খুলনা জোন।
৫। জনাব জিএম হামিদুর রহমান, পুলিশ পরিদর্শক (নিঃ), ইনচার্জ, ট্যুরিস্ট পুলিশ, টুঙ্গিপাড়া জোন।
৬। জনাব মোঃ ফারুক হোসেন, পুলিশ পরিদর্শক (নিঃ) ইনচার্জ, ট্যুরিস্ট পুলিশ, মেহেরপুর জোন।
৭। জনাব নিমাই চন্দ্র কুন্ডু , পুলিশ পরিদর্শক (নিঃ), ইনচার্জ, ট্যুরিস্ট পুলিশ,সুন্দরবন জোন।
৮। জনাব শেখ হিলাল উদ্দিন, পুলিশ পরিদর্শক (নিঃ) ইনচার্জ, ট্যুরিস্ট পুলিশ,সাতক্ষীরা জোন।
৯। মোঃ নুরুল ইসলাম, পুলিশ পরিদর্শক(নিঃ), ইনচার্জ, ট্যুরিস্ট পুলিশ, বাগেরহাট জোন।
১০। এসআই (নিঃ)/সেখ নুর হাছান, বিপি-৭৪৯৪০০৯৬৬৭, ইনচার্জ(ভারপ্রাপ্ত), ট্যুরিস্ট পুলিশ, কুষ্টিয়া জোন।

ট্যুরিস্ট পুলিশ, খুলনা রিজিয়ন, খুলনা এবং খুলনা জোনের অফিসার ও ফোর্স'গণ রিজিয়ন কার্যালয়ের কনফারেন্স কক্ষে মাসিক কল্যাণ সভায় উপস্থিত(উপস্থিতি তালিকা সংযুক্ত) ছিলেন। এছাড়াও রিজিয়নের আওতাধীন জোনসমূহের ইনচার্জগণ অফিসার ফোর্স সহ অন-লাইনে (ভার্চুয়ালী) কল্যাণ সভায় অংশগ্রহণ করেন।

অংশগ্রহণকারী সবাইকে স্বাগত জানানোর মাধ্যমে মাসিক কল্যাণ সভার কার্যক্রম শুরু করা হয়। জনাব উৎপল কুমার চৌধুরী, পিপিএম-সেবা, অতিঃ পুলিশ সুপার, ট্যুরিস্ট পুলিশ, খুলনা রিজিয়ন এবং জনাব এস, এম মিজানুর রহমান, পুলিশ পরিদর্শক(নিঃ), ইনচার্জ, ট্যুরিস্ট পুলিশ, খুলনা জোন ট্যুরিস্ট পুলিশে, খুলনা রিজিয়নে নতুন যোগদান করায় ফুল দিয়ে স্বাগত জানানো হয়। এছাড়া জনাব নিমাই চন্দ্র কুন্ডু , পুলিশ পরিদর্শক (নিঃ), ইনচার্জ হিসেবে ট্যুরিস্ট পুলিশ, সুন্দরবন জোনে যোগদান করায় ভার্চুয়ালি তাকে স্বাগত জানানো হয়। গত কল্যাণ সভায় উত্থাপিত সমস্যাগুলি সমাধানকল্পে গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে অবহিত করা হয়। পরবর্তীতে সভায় অংশগ্রহণকারী সবাইকে পর্যায়ক্রমে কল্যাণ বিষয়ক বক্তব্য উপস্থাপনের জন্য বলা হয়।

**সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ-**

| ক্রঃ নং | আলোচনার বিষয় | বক্তব্য উপস্থাপনকারি | উপস্থাপিত বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১। | **বেতন/রেশন/ টিএ, ডিএ বা অন্যান্য বিল সংক্রান্তে** | ১. মোঃ ফারুক হোসেন বিপি-৭৯০৬১১০৬৮৭ পুলিশ পরিদর্শক (নিঃ), ইনচার্জ, ট্যুরিস্ট পুলিশ, মেহেরপুর জোন। | ১. ভাউচার বিল পেন্ডিং থাকায় পাওয়ার আবেদন জানান।<br>২. ওয়াইফাই বিল বকেয়া থাকায় পাওয়ার আবেদন জানান। | ১. পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) ট্যুরিস্ট পুলিশ, হেডকোয়ার্টার্স, ঢাকা'কে অবহিত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ২। | **লজিস্টিকস্ সামগ্রী সংক্রান্তে** | ১. মোঃ নুরুল ইসলাম বিপি-৬৬৮৭০৪৮৮৭২ পুলিশ পরিদর্শক(নিঃ), ইনচার্জ, ট্যুরিস্ট পুলিশ, বাগেরহাট জোন। | ১. বাগেরহাট জোনে সিসি ক্যামেরার মনিটর নষ্ট সিসিটিভি মনিটর পাওয়ার আবেদন করেন। | পুলিশ সুপার (লজিস্টিকস এন্ড ডেভেলপমেন্ট) ট্যুরিস্ট পুলিশ, হেডকোয়ার্টার্স, ঢাকা'কে অবহিত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২. জি, এম হামিদুর রহমান<br>বিপি-৬৬৯৫০৭৬৩১৬<br>পুলিশ পরিদর্শক (নিঃ ),<br>ইনচার্জ, ট্যুরিস্ট পুলিশ,<br>টুঙ্গিপাড়া জোন। | ১. জোন অফিসে ব্যবহৃত এইচপি অল ইন অল কম্পিউটার নষ্ট হওয়ায় স্থানীয় কম্পিউটার মেকার দ্বারা মেরামতের চেষ্টা করলে ব্যর্থ হওয়ায় দাপ্তরিক কাজের অসুবিধার সম্মুখীন হওয়া নতুন ০১ টি কম্পিউটার সরবরহের আবেদন জানান। | |
| | | ৩. নিমাই চন্দ্র কুন্ডু<br>বিপি-৮২১১১৪১৪৬০<br>পুলিশ পরিদর্শক (নিঃ),<br>ইনচার্জ, ট্যুরিস্ট পুলিশ,<br>সুন্দরবন জোন। | ১. ০৮(আট) টি সিসি ক্যামেরা আছে। সিসি ক্যামেরার মনিটর নষ্ট হওয়ায় সিসিটিভি মনিটর পাওয়ার আবেদন করেন। | |
| | | ৪. মোঃ ফারুক হোসেন<br>বিপি-৭৯০৬১১০৬৮৭<br>পুলিশ পরিদর্শক (নিঃ),<br>ইনচার্জ, ট্যুরিস্ট পুলিশ,<br>মেহেরপুর জোন। | ১. জোন অফিসে ব্যবহৃত এলইডি টেলিভিশনের এ্যাডাপ্টার নষ্ট হওয়ায় তা পাওয়ার আবেদন জানান। | |
| ৩। | **জনবল সংক্রান্ত** | - | - | - |
| ৪। | **অস্ত্র-গোলাবারুদ সংক্রান্তে** | - | - | - |
| ৫। | চিকিৎসা ও ঔষধ সংক্রান্ত | - | - | - |
| ৬। | **যানবাহন ও জ্বালানী সংক্রান্ত** | ১. নিমাই চন্দ্র কুন্ডু<br>বিপি-৮২১১১৪১৪৬০<br>পুলিশ পরিদর্শক (নিঃ),<br>ইনচার্জ, ট্যুরিস্ট পুলিশ,<br>সুন্দরবন জোন। | ১. জোনের অপারেশনাল কার্যক্রমের জন্য ব্যবহৃত ছোট স্প্রীড বোটের ১২ ভোল্টের ব্যাটারিটি নষ্ট হওয়ায় পরিবর্তনের আবেদন করেন। | পুলিশ সুপার (লজিস্টিকস এন্ড ডেভেলপমেন্ট) ট্যুরিস্ট পুলিশ, হেডকোয়ার্টার্স, ঢাকা'কে অবহিত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত |
| ৭। | **পোশাক সামগ্রী সংক্রান্ত** | - | - | |
| ৮। | **বিবিধ** | - | - | - |

**এ ছাড়াও কল্যাণ সভার নিম্নলিখিত বিষয়গুলো যথাযথভাবে প্রতিপালন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়ঃ-**

০১। ডেঙ্গু প্রকোপ বৃদ্ধি পাওয়ায় প্রতিরোধকল্পে ব্যারাক, অফিস ও কম্পাউন্ড এলাকা পরিস্কার-পরিচ্ছন্ন রাখার জন্য বিবিধ দিক নির্দেশনা প্রদান করা হয়। বিশেষকরে ব্যারাকের খাটের নিচে পরিস্কার করতে হবে। কম্পাউন্ড এলাকায় নরমঘাস, লতা জাতীয় উদ্ভিদ, কচু, কচুরিপানা ইত্যাদি থাকলে নিয়মিত পরিস্কার করতে হবে, কোথাও বদ্ধ পানি থাকলে তা পরিস্কারের ব্যবস্থা করতে হবে। নিয়মিত ব্লিচিং পাউডার, মশক নিধনের ঔষধ ইত্যাদি স্প্রে করতে হবে। এক্ষেত্রে সিটি কর্পোরেশন/স্থানীয় পৌরসভার সহযোগীতা নেওয়া যেতে পারে। এছাড়া ট্যুরিস্ট পুলিশ হেডকোয়ার্টার্স থেকে মশক নিধনের ঔষধ সংগ্রহ করার বিবিধ দিক নির্দেশনা প্রদান করা হয়।

০২। রুমের আদ্রতা ও স্যাঁতস্যাঁতে ভাব প্রতিরোধকল্পে ভিজা কাপড় চোপড় রুমের বাইরে শুকানোর ব্যবস্থা করার নির্দেশনা প্রদান করা হয়।

০৩। আসন্ন দূর্গাপূজার সময় পর্যটন স্পট এবং পর্যটন স্পট ভিত্তিক পূজা মন্ডপের নিরাপত্তা ব্যাবস্থা গ্রহণ করা। সংশ্লিষ্ট জেলা পুলিশ এবং পূজা মন্ডপের কমিটির সদস্যদের সাথে সার্বক্ষনিক যোগাযোগ রক্ষা করে নিরাপত্তা নিশ্চিত করা।

০৪। পর্যটন স্পটে ওয়ান টাইম প্লাস্টিক ইউজ পরিহার/বর্জনের ব্যবস্থা করা। প্রয়োজনে নির্দিষ্ট স্থানে বর্জ্য রাখার ব্যবস্থা করা।

০৫। অফিসার ফোর্সের আন অথরাইজ মুভমেন্ট যেন না হয় সেদিকে খেয়াল রাখা।

০৬। খুলনা রিজিয়ন, খুলনা ও রিজিয়নের আওতাধীন সকল জোনের জেলা প্রশাসনের তত্ত্বাবধানে পরিচালিত জাতীয় তথ্য বাতায়ন ওয়েব সাইটে ট্যুরিস্ট পুলিশের বিবিধ তথ্য হালনাগাদ করণের জন্য দিক নির্দেশনা প্রদান করা হয়। জোনসমূহের কম্পিউটার অপারেটর ও ইনচার্জগণকে রিজিয়নের ওয়েবসাইটের আলোকে বিবিধ তথ্য আপলোড ও সন্নিবেশিত করার নির্দেশনা প্রদান করা হয়।

০৭। প্রতিটি জোনে ভিজিটর কমেন্ট বুক সংরক্ষণের জন্য নির্দেশনা প্রদান করা হয়, যাতে পর্যটন কেন্দ্রে আগত দেশী-বিদেশী পর্যটকগণ তাদের মূল্যবান মতামত লিপিবদ্ধ করতে পারেন।

০৮। ছুটি, সাক্ষী এবং ডাক ডিউটিতে নিয়মানুযায়ী যথাসময়ে প্রস্থান ও যোগদান নিশ্চিত করার জন্য সকল জোন ইনচার্জ ও কম্পিউটার অপারেটরদের নির্দেশনা প্রদান করা হয়। এতদসংক্রান্তে ট্যুরিস্ট পুলিশ, খুলনা রিজিয়ন আদেশ নং-৯৯ তারিখ ২২/০৬/২০২৪ খ্রিঃ মূলে গঠিত কমিটিকে নির্দেশনার আলোকে তথ্য প্রদানের জন্য বলা হয়।

০৯। স্ব-শরীরে হাজির হওয়ার পূর্বে কোন অবস্থাতেই অনলাইন বা পিআইএমএস ডাটাবেজে হাজিরা বা বাহির না করার জন্য বিবিধ নির্দেশনা প্রদান করা হয়। এবিষয়ে কোনরূপ অনিয়ম পরিলক্ষিত হলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সকলকে সতর্ক করা হয়।

১০। সকলকে ডিসিপ্লিন বা চেইন অব কমান্ড মেনে চলার বিষয়ে বিবিধ দিক নির্দেশনা প্রদান করা হয়। ট্যুরিস্ট পুলিশ খুলনা রিজিয়নের আওতাধীন জোন সমূহে কোন শৃঙ্খলা বর্হিভূত কাজ বা আচার-আচরণ পরিলক্ষিত হলে অতিসত্ত্বর পুলিশ সুপার, খুলনা রিজিয়নকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। শৃঙ্খলা বর্হিভূত কর্মকান্ডের জন্য বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের বিষয়ে সকলকে সতর্ক করা হয়।

১১। অনুপস্থিত পুলিশ সাক্ষী ও যথাযথভাবে সাক্ষ্য প্রদান করেনি এ ধরণের পুলিশ সদস্যদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্তে ট্যুরিস্ট পুলিশ হেডকোয়ার্টার্স হতে প্রাপ্ত পত্রের স্মারক নং-৪৪.০১.২৬৬৭.৯৭৬.০৪.২৫৫.২০২৩-৫৬৪৯ তারিখ-২২/০৮/২০২৩খ্রিঃ মূলে প্রাপ্ত পত্রের নির্দেশনাসমূহ মেনে চলার জন্য সকল ইনচার্জগণের দৃষ্টি আকর্ষণ করা হয়।

১২। ইউনিফর্ম ব্যবহারে সকলকে আরো যত্নবান হওয়ার পরামর্শ প্রদান করা হয়। ড্রেস রুলের বিধান যথাযথভাবে প্রতিপালন না করা পিআরবি প্রবিধান-৬৮৪(খ) এবং প্রবিধান-৯৭৮ এর বিধান অনুযায়ী শৃঙ্খলা বাহিনীর আচরণ বিধির পরিপন্থি ও শাস্তিযোগ্য অপরাধ। সে মতে ট্যুরিস্ট পুলিশ খুলনা রিজিয়নের সকল অফিসার ও ফোর্সদের ড্রেসরুল যথাযথ প্রতিপালন করার নির্দেশ প্রদান করা হয়।

১৩। ট্যুরিস্ট স্পটে আগত পর্যটকদের নিকট ট্যুরিস্ট পুলিশের ফেসবুক পেজে লাইক, শেয়ার এবং ট্যুরিস্ট পুলিশ সম্পর্কে ভাল কমেন্ট করা, ট্যুরিস্ট পুলিশের ইউটিউব চ্যানেল সাবস্ক্রাইব করার জন্য নির্দেশ প্রদান করা হয়। নিয়মিত পোস্ট আপলোড করার ক্ষেত্রে অপ্রাসঙ্গিক, বানানভুল ইত্যাদি না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখার জন্য বলা হয়।

১৪। ট্যুরিস্ট পুলিশ খুলনা রিজিয়নে কর্মরত যেসকল অফিসার ও ফোর্স সরকারি বা ব ক্তিগত মটরসাইকেল চালনার ক্ষেত্রে গাড়ির রেজিস্ট্রেশন, ড্রাইভিং লাইসেন্স, হেলমেট পরিধানসহ সড়ক পরিবহন আইন/২০১৮ অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হয়। এছাড়াও কর্মরত জেলা ব্যতীত অন্য জেলা/দূর পাল্লার হাইওয়ে রাস্তায় মোটরসাইকেল চালনা পরিহার করার জন্য নিদের্শ প্রদান করা হয়।

১৫। মাদকদ্রব্য ব্যবহার, পৃষ্ঠপোষকতা, বহন/ব্যবসা থেকে পুলিশ সদস্যদেরকে বিরত থাকার ব্যাপারে কঠোর হুশিয়ারী প্রদান করা হয়।

১৬। সরকারি যানবাহন পরিস্কার-পরিচ্ছন্ন রাখার নির্দেশ প্রদান করা হয়।

১৭। পুলিশ সংস্কার সংক্রান্তে চাহিত বিষয়ে মতামত দ্রুত প্রদানের জন্য নির্দেশ করা হলো।

পরিশেষে কল্যাণ সভায় যোগদান করার জন্য সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৭/১০/২০২৪
(মোঃ আসাদুজ্জামান)
বিপি নং-৭৬০৬১১৬৩৭২
পুলিশ সুপার,
ট্যুরিস্ট পুলিশ, খুলনা রিজিয়ন, খুলনা।
Email: tourist.khu.sp@police.gov.bd

স্মারক নং-৪৪.০১.২৬৬৭.৯৭৬.৬৬.০৪১.২৪- ২৬৩৯ (২০)　　　　তারিখঃ ০৭ /১০/২০২৪ খ্রিঃ।

**অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-**

০১। অতিরিক্ত আইজিপি, ট্যুরিস্ট পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
০২। ডিআইজি, ট্যুরিস্ট পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
০৩। অতিরিক্ত ডিআইজি, ট্যুরিস্ট পুলিশ, খুলনা-বরিশাল ডিভিশন।
০৪। পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ)/ প্লানিং এন্ড অপারেশন/ লজিস্টিকস্ এন্ড ডেভেলপমেন্ট / লিগ্যাল এন্ড মিডিয়া/ট্রেনিং এন্ড ওরিয়েন্টেশন ট্যুরিস্ট পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

**অনুলিপি কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-**

০৫। অতিরিক্ত পুলিশ সুপার, ট্যুরিস্ট পুলিশ, খুলনা রিজিয়ন, খুলনা।
০৬। সহকারী পুলিশ সুপার, ট্যুরিস্ট পুলিশ, খুলনা রিজিয়ন, খুলনা।
০৭। পুলিশ পরিদর্শক (প্রশাসন) ট্যুরিস্ট পুলিশ, খুলনা রিজিয়ন, খুলনা।
০৮। ইনচার্জ, সকল জোন, ট্যুরিস্ট পুলিশ, খুলনা রিজিয়ন ।
০৯। অফিস নথি।

৭/১০/২০২৪
(মোঃ আসাদুজ্জামান)
বিপি নং-৭৬০৬১১৬৩৭২
পুলিশ সুপার,
ট্যুরিস্ট পুলিশ, খুলনা রিজিয়ন, খুলনা।
Email: tourist.khu.sp@police.gov.bd